দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 AUG 2007
পৃষ্ঠা 27 কলাম 8

ফুলতলা (খুলনা)ঃ সুগার জুট মিলস

# মাগুরায় ২৫টি বিদ্যালয়ের ৬ হাজার ছাত্র-ছাত্রীর লেখাপড়া বন্ধ

॥ মাগুরা সংবাদদাতা ॥

অবিরাম বর্ষণ ও উজানের পানির ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও বন্যাজনিত কারণে জেলার দু'টি উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়সহ পঁচিশটি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ হাজার ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বন্ধ হয়ে গেছে। জেলার ৩৬টি ইউনিয়ন ও একটি পৌরসভা ক্ষতিগ্রস্ত। এর মধ্যে সদর ও শালিখা উপজেলা দু'টি অধিক ক্ষতিগ্রস্ত।

এ দু'উপজেলার অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় কেন্দ্র চালু রয়েছে। সদর উপজেলার মঘী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়, তিতারখান পাড়া মাধ্যমিক বিদ্যালয়, মাঝপাড়া সরকারী, নোওয়াপাড়া কলেজ, নোওয়াপাড়া মাধ্যমিক বিদ্যালয়, জগুারপুর প্রাথমিক বিদ্যালয়, কাপাসাটি দাখিল মাদ্রাসা, বড়শলই মাধ্যমিক বিদ্যালয়, বাহারবাগ প্রাথমিক বিদ্যালয়, গোপাল গ্রাম মাধ্যমিক বিদ্যালয়, লক্ষীপুর রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও কুলবাড়ী টেকনিক্যাল কলেজ এবং শালিখা উপজেলার মশালাদী প্রাথমিক বিদ্যালয়, আসিয়ান সরকারী প্রাথমিক বিদ্যালয়, সিংড়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয়, থৈপাড়া প্রাথমিক বিদ্যালয়, ধনেশ্বরগাতী প্রাথমিক বিদ্যালয়, বিলগাতি সরকারী প্রাথমিক বিদ্যালয়, গজদূর্বা প্রাথমিক বিদ্যালয়, ভাটয়াইল সরকারী প্রাথমিক বিদ্যালয়, দিঘলগ্রাম প্রাথমিক বিদ্যালয়, সেজগাতী প্রাথমিক বিদ্যালয়, গবিন্দপুর প্রাথমিক বিদ্যালয়, আলুবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, আপাড়া সদর আলিম মাদ্রাসায় সরকারী তত্ত্বাবধানে আশ্রয় কেন্দ্র রয়েছে। এসব বিদ্যালয়ে অর্ধ বার্ষিকী পরীক্ষা হচ্ছে না। এখানকার আশ্রয় গ্রহণকারী বন্যা দুর্গতদের বাড়ি ফেরাও অনিশ্চিত। তাদের বাড়ি-ঘর পুনঃনির্মাণের কোন আর্থিক সংগতি নেই অধিকাংশ বন্যা কবলিত মানুষের। এ অবস্থায় অভিভাবকরা জানান, মেধাবী ছাত্র-ছাত্রীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। শিক্ষা দপ্তর জানায়, পানি হ্রাস পেলে বিদ্যালয়সমূহ খুলে দেয়া হবে।